

৪৫
৪৫

বাউবির ব্যাচেলর অব বিজনেস এড. প্রোগ্রাম শুরু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : বাংলাদেশ উনুত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) ডুল অব বিজনেস-এর নতুন শিক্ষা প্রোগ্রাম ব্যাচেলর অব বিজনেস এডমিনিস্ট্রেশন গতকাল (সোমবার) থেকে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে। বাউবির ডিসি প্রফেসর ড. এম এশাদুল বারী ভর্তি ফরমের যোড়ক সন্ধান করে এর আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন। প্রোগ্রামটি সঠিকভাবে পরিচালনা ও পাঠদানের বিভিন্ন বিষয় আলোচনার লক্ষ্যে গতকাল বিশ্ববিদ্যালয়ের গাভীপুর ক্যাম্পাসে এক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিসি প্রফেসর এম এশাদুল বারী। ডীন প্রফেসর ড. মোঃ একরামুল হকের সভাপতিত্বে ও শেষ রফিকুল ইসলামের পরিচালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রফেসর এটিএম তোফাজ্জল হোসেন, ড. মোঃ মঈনুল ইসলাম ও সালমা করিম। ওয়ার্কশপে বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও ব্যাতনামা কলেজসমূহের ২০ জন সমন্বয়কারী ও টিউটরসহ মোট ৫০ জন শিক্ষক, আঞ্চলিক পরিচালক ও কর্মকর্তা অংশগ্রহণ করেন। কর্মঅধিবেশনে বক্তব্য রাখেন প্রফেসর ড. মোঃ মিজানুর রহমান, প্রফেসর মোঃ আমানুল্লা, প্রফেসর মোঃ আব্দুল সাত্তার, পরিচালক এস.এস.এস মোঃ সফিকুল আলম, আঞ্চলিক পরিচালক হাফিজুর রহমান প্রমুখ।